# AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date : 12-05-2025** **Desk in Charge : SDG**

**Time : 7.35 AM** **Compiling : S. Basu**

**DEO : KB** **NR : S. Basu**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ ভারত ও পাকিস্তানের মধ্যে চলতি সংঘর্ষ বিরতিকে আরো দীর্ঘমেয়াদী করার লক্ষ্যে দু-দেশের সামরিক অভিযান বিষয়ক মহা নির্দেশক DGMO-রা, আজ ফের বৈঠকে বসবেন।

২/ 'অপারেশন সিন্দুর'-এ শতাধিক জঙ্গীর মৃত্যু হয়েছে বলে, ভারতীয় সেনার DGMO লেফটেন্যান্ট জেনারেল রাজীব ঘাই জানিয়েছেন।

৩/ পাক রেঞ্জারদের হাতে আটক রাজ্যের BSF জওয়ান পূর্ণম সাউ, খুব শীঘ্রই ফিরে আসবেন বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি পরিবারটিকে আশ্বাস দিয়েছেন।

৪/ ভারত পাকিস্তানের মধ্যে সামরিক উত্তেজনার আবহে সমস্ত জেলায় আগামী তিন মাসের প্রয়োজনীয় খাদ্যদ্রব্য মজুদ রাখতে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে।

৫/ চিরাচরিত ধর্মীয় উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে আজ বুদ্ধ পূর্ণিমা উদ্‌যাপিত হচ্ছে।

************************************************************

ভারত ও পাকিস্তানের মধ্যে চলতি সংঘর্ষ বিরতিকে আরো দীর্ঘমেয়াদী করার লক্ষ্যে আজ দু-দেশের সামরিক অভিযান বিষয়ক মহা নির্দেশক DGMO-রা, ফের বৈঠকে বসবেন। দুপুর ১২ টায় এই বৈঠক হওয়ার কথা। ভারতের তরফে DGMO লেফটেন্যান্ট জেনারেল রাজীব ঘাই বৈঠক করবেন। গতকাল এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, পাকিস্তানের তরফে যেকোনো সামরিক অপপ্রয়াসের উপযুক্ত জবাব দেওয়ার জন্য সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, সেনা কম্যান্ডারদের ছাড়পত্র দিয়েছেন।

*******************

লেফটেন্যান্ট জেনারেল রাজীব ঘাই বলেন, 'অপারেশন সিন্দুর'-এ পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরের ৯'টি জঙ্গী ঘাঁটি ধ্বংস করা হয়েছে। শতাধিক জঙ্গী, এতে মারা পড়েছে। নিহত জঙ্গীদের মধ্যে ইউসুফ আজাহার, আব্দুল মালিক রউফ ও মুদাসির আহমেদ রয়েছে, যারা কান্দাহার বিমান অপহরণ ও পুলওয়ামা বিষ্ফোরণের সঙ্গে যুক্ত ছিল। তিনি বলেন, জঙ্গী ষড়যন্ত্রকারীদের শাস্তি দিতে এবং জঙ্গী পরিকাঠামো ধ্বংস করার স্পষ্ট সামরিক উদ্দেশ্য নিয়েই অপারেশন সিন্দুর-এর কথা ভাবা হয়েছিল। সীমান্ত পারের জঙ্গী শিবির ও প্রশিক্ষণ কেন্দ্রগুলিকে নিখুঁতভাবে চিহ্নিত করে অত্যন্ত নির্দিষ্ট করে অপারেশন সিন্দুর চালানো হয়। পহেলগাঁও-এর নিরীহ ভ্রমণার্থীদের হত্যাকারীদের শাস্তি দিতেই এই অপারেশন বলে DGMO স্পষ্ট জানান।

( বাইট- রাজীব ঘাই )

*******************

ডিরেক্টর জেনারেল অফ এয়ার অপারেশন্স DGAO এয়ার মার্শাল এ কে ভারতী সাংবাদিকদের জানান, খুব সতর্কতার সঙ্গে বাহাওয়ালপুর ও মুরিদকে-র ওই কুখ্যাত জঙ্গীদের প্রশিক্ষণ শিবির বাছাই করা হয়েছিল। নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে আঘাত হেনে জঙ্গীদের নিকেশ করতে বায়ুসেনা প্রয়োজনীয় সবরকম গুরুত্বপূর্ণ বিশ্লেষণের কাজ করে। আনুসঙ্গিক ক্ষয়ক্ষতি যাতে এরানো যায়, সেই কারণেই অত্যন্ত নির্দিষ্টভাবে আকাশ থেকে ভূমিতে নিক্ষেপযোগ্য অস্ত্র ব্যবহার করা হয়।

*******************

ভারতের পরাক্রমের মুখে পাকিস্তান নতি স্বীকার করতে বাধ্য হয়েছে বলে রাজ্য বিজেপি সভাপতি কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

( বাইট- সুকান্ত )

এদিকে, ভারতীয় সশস্ত্র বাহিনীর ‘অপারেশন সিন্দুর’-এর শহীদ এবং এর সঙ্গে কর্মরত সেনা জওয়ানদের প্রতি শ্রদ্ধা জানাতে বঙ্গীয় হিন্দু মহামঞ্চের উত্তরবঙ্গ শাখা গতকাল এক বিশেষ রক্তদান শিবিরের আয়োজন করে।

******************

দুই দেশের মধ্যে সংঘর্ষ বিরতি ঘোষণার পরেই পাক রেঞ্জারদের হাতে আটক রাজ্যের বাসিন্দা বিএসএফ জওয়ান পূর্ণম সাউ-এর পরিবারের সঙ্গে কথা বলেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। গতসন্ধ্যায় টেলিফোন করে তিনি পূর্ণম-এর স্ত্রীর সঙ্গে কথা বলেন। এক সপ্তাহের মধ্যে পূর্ণম ফিরে আসবে বলেও মুখ্যমন্ত্রী তাদের আশ্বাস দিয়েছেন।
হুগলির রিষড়ার বাসিন্দা পূর্ণমের স্ত্রী রজনী সাউ মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করার আবেদন জানিয়ে তার সঙ্গে সাক্ষাৎ করেছেন বলে সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় জানান। সংঘর্ষ বিরতি ঘোষণার পরেই তিনি নিজে বিএসএফ-এর ডিজি ও প্রধানমন্ত্রীর অফিসের সঙ্গে এই বিষয়ে কথা বলেছেন বলেও কল্যানবাবু জানিয়েছেন।

উল্লেখ্য, গত ২৩শে এপ্রিল পাঞ্জাবের ফিরোজপুরে টহলদারির সময় পাক সীমান্তে ঢুকে পড়ার অভিযোগে পাক রেঞ্জাররা বিএসএফ জওয়ান পূর্ণম সাউকে আটক করে। তার মুক্তির জন্য দুই দেশের মধ্যে একাধিকবার ফ্ল্যাগ মিটিং হলেও সমাধান সুত্র মেলেনি।

******************

ভারত পাকিস্তানের মধ্যে সামরিক উত্তেজনার আবহে সমস্ত জেলায় আগামী তিন মাসের প্রয়োজনীয় খাদ্যদ্রব্য মজুদ রাখতে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। শীঘ্রই তিনটি পর্যায়ে রেশনের বরাদ্দ হিসাবে জুন, জুলাই এবং আগষ্ট মাসের প্রয়োজনীয় খাদ্য দ্রব্য জেলায় জেলায় পাঠিয়ে দেওয়া হবে বলে জানানো হয়েছে।

এর আগে কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব গোবিন্দ মোহন, প্রতিটি রাজ্যের মুখ্যসচিবের সঙ্গে আপৎকালীন পরিস্থিতি নিয়ে ভার্চুয়াল কনফারেন্স করেন। ওই বৈঠকের রেশ ধরেই রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল রাজ্য পুলিশের মহা নির্দেশক, সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিক, জেলাশাসক, পুলিস সুপার, পুলিস কমিশনারদের নিয়ে বৈঠক করেন। সেখানেই এই খাদ্যশস্য মজুদ রাখার নির্দেশ দেওয়া হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

এছাড়াও, বর্তমান পরিস্থিতিতে সিভিল ডিফেন্স ভলান্টিয়ারদের বিশেষ প্রশিক্ষণ বা রিফ্রেশার ট্রেনিং দেওয়া হবে বলে সিদ্ধান্ত হয়েছে। সীমান্তবর্তী জেলাকে আরও বেশি সতর্ক থাকতে বলা হয়েছে। যে সমস্ত সীমান্ত এলাকা পাহাড়, পর্বত বা ঘন জঙ্গলে ঘেরা, সেখানে পুলিসকে আরও বেশী সক্রিয় থাকতে হবে। সীমান্ত ঘেঁষা সুন্দরবন এবং উত্তরবঙ্গের এলাকাগুলিতে চালাতে হবে বিশেষ নজরদারি।

অন্যদিকে, আপৎকালীন পরিস্থিতির জন্য রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা কতটা প্রস্তুত রয়েছে তা নিয়ে জেলার স্বাস্থ্যকর্তাদের সঙ্গে আলোচনায় বসেন স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম। কোন হাসপতালে কত বেড ব্যবহার করা যাবে, কত অ্যাম্বুলেন্স রয়েছে, ইত্যাদি বিষয় নিয়ে তিনি আলোচনা করেন। গতকাল বিকেলে দফতরের পদস্থ কর্তাদের সঙ্গেও আরেক দফা বৈঠক করেন স্বাস্থ্য সচিব।

*******************

চাকরিতে স্থায়ীভাবে পুনর্বহালের দাবিতে আগামীকাল বিকাশ ভবনের সামনে বড় জমায়েতের ডাক দিয়েছেন চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের একাংশ। তাঁদের তরফে সুমন বিশ্বাস গতকাল জানান, ওই জমায়েতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে আমন্ত্রণ জানানো হবে। এছাড়াও সব রাজনৈতিক দলের নেতৃত্ব, চিকিৎসকদের সংগঠন সহ সমাজের বিভিন্ন ক্ষেত্রের মানুষদেরও আমন্ত্রণ জানাবেন তাঁরা।

উল্লেখ্য, বিকাশ ভবনের সামনে লাগাতার অবস্থান চালাচ্ছেন চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীরা। তাঁদের দাবি, ২০১৬-র SSC-র ২২ লক্ষ OMR শিটের মিরর ইমেজ প্রকাশ

করতে হবে। তার ভিত্তিতে যোগ্য-অযোগ্যদের তালিকা করে সুপ্রিম কোর্টে রায় পুনর্বিবেচনার আবেদন জানানোর জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানিয়েছেন তাঁরা।

*******************

দক্ষিণ ২৪ পরগনার জয়নগর থানার তিলপি এলাকায় কৈ মাছ গলায় ঢুকে এক তরুণের মৃত্যু হয়েছে। আজিজুর মোল্লা নামে বছর ২২ এর ঐ তরুন গতকাল দুপুরে স্থানীয় একটি পুকুরে মাছ ধরছিলেন। একটি কৈ মাছ ধরে সেটা মুখে রেখে আরেকটা মাছ ধরতে গেলে কৈ মাছটি গলায় ঢুকে যায়। বারুইপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেই তাঁর মৃত্যু হয়। এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

*******************

বর্ধমান শহরে বছর সাতেকের এক শিশু কন্যার ওপর যৌন নিগ্রহ চালানোর অভিযোগে এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। সুরজ সিং নামে ওই ব্যক্তি বাড়িতে ভাড়াটিয়া হিসেবে ছিল বলে জানা গেছে। মা-বাবার অনুপস্থিতির সুযোগ নিয়ে সে শিশুটির ওপর যৌন নির্যাতন চালায়। পরিবারের অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে পুলিশ। সুরজ সিংকে গতকাল আদালতে তোলা হলে, তাকে একদিনের বিচার বিভাগীয় হেফাজতে পাঠানো হয়। আজ ধৃতকে বিশেষ পকসো আদালতে তোলা হবে।

*******************

পূর্ব বর্ধমানের জামালপুরের পাড়াতল ২ গ্রাম পঞ্চায়েতের শ্রীমানপুর এলাকায় 'সজল ধারা' প্রকল্পের পাইপলাইন বসানো নিয়ে দুই প্রতিবেশীর বিবাদকে কেন্দ্র করে সংঘর্ষে আহত হয়েছেন ১২ জন। তিনজনের আঘাত গুরুতর হওয়ায় তাদের বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।

*******************

আজ বুদ্ধ পূর্ণিমা। বৈশাখের পুণ্যতিথিতে আবির্ভূত হয়েছিলেন গৌতম বুদ্ধ। এ রাজ্য তথা দেশ জুড়ে যথোচিত মর্যাদায় পালিত হচ্ছে বুদ্ধ পূর্ণিমা। দেশ-বিদেশে বৌদ্ধ ধর্মাবলম্বীরা আজ নানা ধর্মীয় অনুষ্ঠান, গৌতম বুদ্ধর অহিংসা ও শান্তির বাণী প্রচারের

মধ্য দিয়ে দিনটি পালন করছেন। বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে বৌদ্ধমন্দিরগুলিতে প্রার্থনা, গৌতম বুদ্ধের বাণী, আদর্শ নিয়ে আলোচনা সভা সহ নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

********************

বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আজ মেট্রো রেলের ব্লু লাইনে ২৬২ টি-র পরিবর্তে ১১৮টি আপ, ১১৮ টি ডাউন সহ মোট ২৩৬ টি ট্রেন চলবে। তবে প্রথম ও শেষ ট্রেন চলাচল এবং রাত ১০ টা ৪০ মিনিটের বিশেষ পরিষেবা অপরিবর্তিত থাকবে।

অন্যদিকে, গ্রীন লাইন-ওয়ান, গ্রিন লাইন টু, পার্পেল লাইন, অরেঞ্জ লাইনে মেট্রো পরিষেবা স্বাভাবিক থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

********************

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু আগামীকালের মধ্যে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ এবং সংলগ্ন বঙ্গোপসাগর এলাকায় প্রবেশ করবে বলে, আবহাওয়া দপ্তর জানিয়েছে। অন্যান্য বারের তুলনায় কেরালাতেও এবার বর্ষার আগমন বেশ কয়েকদিন আগেই হবে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত।

( বাইট-সোমনাথ)

তবে, আগামী কয়েকদিন তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাভাস।

********************

ন্যাশনাল ব্লাইন্ড ক্রিকেট ২০২৫ এর চ্যাম্পিয়ন দল বাংলাকে গতকাল সংবর্ধিত করেছে ভিজুয়ালি ইম্পেয়ারড ক্রিকেট অ্যাসোসিয়েশন বেঙ্গল। যাদবপুরের বিবেকানন্দ সভাগৃহে সংগঠনের সেক্রেটারি চন্দন মাইতি, টিমের হাতে সার্টিফিকেট ও পুরস্কার তুলে দেন।

*******************************************************************